

টমেটো ফল ছিদ্রকারী পোকা

পোকা পরিচিতি:

টমেটো বাংলাদেশের একটি অন্যতম সবজি। ফল ছিদ্রকারী পোকা টমেটোর অন্যতম এক ক্ষতিকর পোকা। এর বৈজ্ঞানিক নাম *Helicoverpa armigera*। পূর্ণাঙ্গ মথ দেখতে বাদামী হলুদ রঙের এবং দেহ স্থূলকায়। পূর্ণবয়স্ক কীড়া ৪০-৪৮ মি.মি. লম্বা। সাধারণত এরা সবুজ রঙের ও লম্বাকৃতির ছাই রঙের লম্বা দাগ আছে। পুতলী গাঢ় বাদামী ও দেহের পিছনের অংশে আধা ইঞ্চি লম্বাকৃতির দুইটি ধারালো কাটা আছে। এরা দিনের বেলায় তৎপর থাকে তবে সাধারণত সন্ধ্যার শুরুতে বেশি তৎপর দেখা যায়। কীড়া ১৪-১৬ দিনের মধ্যে পুতলীতে পরিণত হয়। সাধারণত ৪-৮ সে:মি: মাটির গভীরে পুতলী সম্পন্ন হয় এবং ১০-২৫ দিনের পুতলী পূর্ণাঙ্গ পোকায় পরিণত হয়। প্রায় এক মাসে এদের জীবন চক্র সম্পন্ন হয়।

ক্ষতির প্রকৃতি:

স্ত্রী পোকা পাতার উপরে ও ফুলের মধ্যে ডিম পাড়ে। এক একটি স্ত্রী পোকা ৫০০ টি পম্বন্ত ডিম দিতে পারে। ডিম ফুটে কীড়া বের হয়। এ পোকাকার কীড়াগুলো ফল আসার আগে বিশেষ করে গাছের পাতা ও কচি ডগা খেয়ে বড় হয়। ফল আসার পরে এই পোকাকার কীড়াগুলি বেড়ে ওঠা ফলের ভিতর ঢুকে শাঁস ও বীজ খেয়ে থাকে। একটি কীড়া একাধিক ফল নষ্ট করে।



ছবি: টমেটো ফল ছিদ্রকারী পোকা ও আক্রান্ত ফল।

সমন্বিত বালাই ব্যবস্থাপনা:

১. প্রতিদিন পোকাসহ আক্রান্ত পাতা, ফল সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে।
২. গাছের নিচে ঝরে পড়া পাতা, ফুল ও ফল সংগ্রহ করে মাটিতে পুঁতে ফেলতে হবে।
৩. ফেরোমন ফাঁদ ব্যবহার করে পুরুষ মথকে সহজে নিয়ন্ত্রণ করা যায়। প্রতি ১ বিঘা জমিতে ১৫ টি ফেরোমন ফাঁদ ব্যবহার করা যায়।
৪. আলোর ফাঁদ ব্যবহার করে উক্ত পোকাকার পূর্ণাঙ্গ মথ মেরে ফেলার ব্যবস্থা করতে হবে।
৫. ক্ষেতে পতঙ্গভুক পাখি বসার ব্যবস্থা করতে হবে।
৬. আক্রমণ তীব্র হলে ক্লুবানডায়ামাইড গ্রুপের কীটনাশক যেমন বেল্ট ২৪ ডব্লিউ জি ০.৪ গ্রাম প্রতি লিটার পানিতে মিশিয়ে স্প্রে করতে হবে অথবা সাইপারমেথ্রিন গ্রুপের কীটনাশক সিমবুশ ১ মি:লি: প্রতি লিটার পানিতে মিশিয়ে অথবা ইমামেকটিন বেনজোয়েট গ্রুপের (প্রোক্লেম/এরোস্টার/ইমাকোর) প্রতি লিটার পানিতে ১ গ্রাম হারে মিশিয়ে স্প্রে করতে হবে।

আরও তথ্যের জন্য:

পরিচালক উদ্ভিদ সংরক্ষণ উইং, ডিএই, খামারবাড়ি, ঢাকা-১২১৫। E-mail: dppw@dae.gov.bd

বিস্তারিত জানার জন্য আপনার নিকটস্থ উপসহকারী কৃষি অফিসার অথবা উপজেলা কৃষি অফিসে যোগাযোগ করুন।